# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
# রাজবাড়ী।

প্রাপক ঃ জনাব...................................................................

..................................................................................... ও

সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি,

রাজবাড়ী পৌরসভা ।

**বিষয়ক ঃ রাজবাড়ী পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা আহবান প্রসঙ্গে।**

জনাব, বর্ণিত বিষয়ে রাজবাড়ী পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২.৩০ ঘটিকায় পৌরসভার সভা কক্ষে সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থেকে মূল্যবান মতামত প্রদানসহ সার্বিক সহযোগীতা করার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে

(আবু মোঃ হাসান)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

e:\স্থায়ী কমিটি\hisab o nirikha.doc

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী।

**হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য-বিবরণী ঃ**

অদ্য ২৭/০৯/২০২৩ খ্রীঃ তারিখ রোজ বুধবার দুপুর ১২.৩০ ঘটিকায় পৌরসভার সভা কক্ষে রাজবাড়ী পৌরসভার ০৪ নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব আবু মোঃ হাসান এর সভাপতিত্বে পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ**

| | | |
|---|---|---|
| ১। | জনাব, আবু মোঃ হাসান কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা, | সভাপতি |
| ২। | ,, মোঃ আলমগীর শেখ তিতু, মেয়র, রাজবাড়ী পৌরসভা, | সদস্য |
| ৩। | ,, মিসেস ফারজানা আলম, কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা, | সদস্য |
| ৪। | ,, মোছাঃ মরিয়ম কাজী, কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা, | সদস্য |
| ৫। | ,, নির্মলকৃষ্ণ চক্রবর্তী, কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা, | সদস্য |

সভায় উপস্থিত সকলকে সুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সকলকে আলোচনার আহবান জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

**আলোচনা ঃ**

সভায় উপস্থিত জনাব মোঃ মোকলেছুর রহমান, হিসাবরক্ষক, রাজবাড়ী পৌরসভা জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে পৌরসভার আয়-ব্যয়ের খাত ওয়ারী হিসাব-নিকাশ ও ক্যাশ বহি বিধি অনুয়ায়ি পরিচালিত হচ্ছে, যা হালনাগাদ রয়েছে। হিসাব শাখাতে পরিপূর্ন ভাবে কম্পিউটারাইজ চলমান রহিয়াছে। চলতি অর্থ বছরে এপ্রিল-জুন/২০২৩ ইং কোয়ার্টার ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রাক বাজেট তৈরীর বিষয়ে আলোচনা করা হয়। সে অনুযায়ী পৌরসভার আয়-ব্যয়ের খাত ওয়ারী হিসাব-নিকাশ ও ক্যাশ বহি পরীক্ষান্তে হালনাগাদ সঠিক পাওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

**সিদ্ধান্ত ঃ**

বিস্তারিত আলোচনান্তে পৌরসভার যাবতীয় আয়-ব্যয়ের খাত ওয়ারী হিসাব-নিকাশ ও ক্যাশ বহিতে লিপিবদ্ধ ও কম্পিউটারে তার হালনাগাদ তথ্যাদি লিপিবদ্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হিসাব রক্ষককে দায়িত্ব নিতে অনুরোধ করা হয়।

**(খ) নিরীক্ষা ঃ**

সভায় উপস্থিত জনাব মোঃ মোকলেছুর রহমান,হিসাব রক্ষক, রাজবাড়ী পৌরসভা সভাকে অবহিত করেন যে, এ পৌরসভার ২০২০-২০২১ ও ২০২১-২০২২ সনের হিসাব নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে। নিরীক্ষা প্রতিবেদনে কয়েকটি আপত্তি পাওয়া যায়। আপত্তিগুলো সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিস্পত্তি করার জন্য সুপারিশ করা হয়।

(আবু মোঃ হাসান)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

c:\স্থায়ী কমিটি\hisab o nirikha.doc

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
# রাজবাড়ী।

২৭/০৯/২০২৩ খ্রীঃ তারিখ রোজ সোমবার দুপুর ১২.০০ টায় অনুষ্ঠিত পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির ত্রৈমাসিক সভায় উপস্থিতির স্বাক্ষর।

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব, আবু মোঃ হাসান | সভাপতি, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ০৪ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | |
| ০২ | ,, মোঃ আলমগীর শেখ তিতু | সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও সম্মানীত মেয়র, রাজবাড়ী পৌরসভা। | |
| ০৩ | ,, মিসেস ফারজানা আলম | সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ১, ২ ও ৩ নং ওয়ার্ড,রাজবাড়ী পৌরসভা। | |
| ০৪ | ,, মোছাঃ মরিয়ম কাজী | সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড,রাজবাড়ী পৌরসভা। | মরিয়ম |
| ০৫ | ,, নির্মলকৃষ্ণ চক্রবর্তী | সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর, ৬ নং ওয়ার্ড, রাজবাড়ী পৌরসভা। | |

e:\স্থায়ী কমিটি\hisab o nirikha.doc

ফোন
অফিসঃ ০২৪৭৮৮০৭৬১৫
বাসাঃ ০২৪৭৮৮০৭৪৮০

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
রাজবাড়ী

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার

সূত্র ঃ ---------------- তারিখ ঃ -----------------

স্মারক নং- রাঃপৌঃ/প্রকৌঃ/১৬৫৩/(৪) তারিখ ঃ ২২/০৮/২০২৩ খ্রিঃ।

প্রাপক ঃ জনাব ..........সুমন..........................

........................................................... ও

সদস্য, নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
রাজবাড়ী পৌরসভা।

বিষয় ঃ রাজবাড়ী পৌরসভার নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা আহবান প্রসঙ্গে।

জনাব,

বর্ণিত বিষয়ে রাজবাড়ী পৌরসভার নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগনকে জানানো যাচ্ছে যে, আগামী ২৮/০৮/২০২৩ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা কার্যালয়ে কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থেকে মূল্যবান মতামত প্রদানসহ সার্বিক সহযোগিতা করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে

(কাজী মাহতাব উদ্দিন তৌহিদ)
সভাপতি
নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

22/08/23

ফোন
অফিসঃ ০২৪৭৮৮০৭৬১৫
বাসাঃ ০২৪৭৮৮০৭৪৮০

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার

স্মারক ঃ ----------------  তারিখ ঃ ----------------

২৮/০৮/২০২৩ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর ঃ

| ক্রমিক নং | নাম | পদবী ও ঠিকানা | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব কাজী মাহতাব উদ্দিন (তৌহিদ) | কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভা। | সভাপতি | |
| ০২ | " মোঃ আলমগীর শেখ তিতু | মেয়র রাজবাড়ী পৌরসভা। | সদস্য | |
| ০৩ | " মমতাজ বেগম | কাউন্সিলর, ৪,৫ও ৬ নং সংরক্ষিত আসন, রাজবাড়ী পৌরসভা। | সদস্য | |
| ০৪ | " মোছাঃ মরিয়ম কাজী | কাউন্সিলর, ৭,৮ও ৯ নং সংরক্ষিত আসন, রাজবাড়ী পৌরসভা। | সদস্য | |
| ০৫ | " মোঃ জহির রাজ | কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভা। | সদস্য | |

ফোন
অফিসঃ ০২৪৭৮৮০৭৬১৫
বাসাঃ ০২৪৭৮৮০৭৪৮০

# রাজবাড়ী পৌরসভা কার্যালয়
## রাজবাড়ী

মুজিব শতবর্ষ ১০০

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার

স্মারক ঃ ----------------

তারিখ ঃ ----------------

**রাজবাড়ী পৌরসভার নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী**

অদ্য ২৮/০৮/২০২৩ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১-০০ ঘটিকায় অত্র পৌরসভার কাউন্সিলর এবং নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব কাজী মাহতাব উদ্দিন তৌহিদ এর সভাপতিত্বে রাজবাড়ী পৌরসভা কার্যালয়ে নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা নিম্নরূপ ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব কাজী মাহতাব উদ্দিন (তৌহিদ) | কাউন্সিলর, ০৫ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভা। | সভাপতি |
| ২। | " মোঃ আলমগীর শেখ তিতু | মেয়র রাজবাড়ী পৌরসভা। | সদস্য |
| ৩। | " মমতাজ বেগম | কাউন্সিলর, ৪, ৫ ও ৬ নং সংরক্ষিত আসন,রাজবাড়ী পৌরসভা। | সদস্য |
| ৪। | " মোছাঃ মরিয়ম কাজী | কাউন্সিলর, ৭, ৮ ও ৯ নং সংরক্ষিত আসন,রাজবাড়ী পৌরসভা। | সদস্য |
| ৫। | " মোঃ জহির রাজ | কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভা। | সদস্য |

সভার শুরুতেই সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করতঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ করে উপস্থিত সদস্যবৃন্দকে শোনানো হয়।

<u>আলোচ্যসূচী-১</u> ঃ <u>পৌরসভার নাগরিকদের উন্নত নাগরিক সেবা ও করোনা পরিস্থিতি এবং করোণীয় প্রসঙ্গে।</u>

সভায় উপস্থিত জনাব মোঃ জহির রাজ কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড রাজবাড়ী পৌরসভা বিগত সভার কার্যবিবরনী শ্রবন শেষে জানান যে, বর্তমানে রাজবাড়ী পৌর এলাকায় করোনা ভাইরাস দ্বারা আক্রান্ত রোগীর সংখ্যা শূন্যেও কোঠায় থাকলেও ডেঙ্গুতে আক্রান্ত রোগীর অতিরিক্ত হারে বেড়ে চলেছে। যা খুবই চিন্তা বিষয় হয়ে দাড়িয়েছে। এ সময় পৌরসভার নাগরিকদের বিভিন্ন নাগরিক সেবার মধ্যে ডেঙ্গু পরিস্থিকে প্রধান সেবা হিসাবে গন্য করে এর রোগের প্রতিরোধ বিষয়ে সর্বচ্চো গুরুত্ব দেয়া দরকার। বিশেষ করে এ রোগের উপসর্গ কি? কি কি কারনে এ রোগ হতে পারে? তাছাড়া কিভাবে এ রোগের প্রতিরোধ করা যেতে পারে, এ সকল বিষয়ে বিভিন্ন ওয়ার্ডে উঠান বৈঠকের মাধ্যমে জনগনকে সচেতন করা যেতে পারে। বর্তমানে বর্ষা ও বৃষ্টির মৌশুম চলছে। বিগত সভার সিদ্ধান্তমতে অতিবৃষ্টি ও ভারী যানবহন বিশেষ করে বালি ভর্তি ট্রাক চলাচলের কারনে পৌরসভার মধ্যে বেশ কিছু রাস্তার পোর্টহোল সৃষ্টি হওয়া পোর্টহোল মেরামত করা হয়েছে, এজন্য মেয়র মহোদয়ের আন্তরিক ধন্যবাদ। উপরোক্ত বর্ননার সঙ্গে একমত পোষন করে সভার অপর সদস্য জনাব, মমতাজ বেগম, কাউন্সিলর, ৪, ৫ ও ৬ নং সংরক্ষিত আসন,রাজবাড়ী পৌরসভা জানান যে, পৌর নাগরিকদের উন্নত নাগরিক সেবার জন্য পৌরসভার বিভিন্ন এলাকায় সকাল বিকাল মশক নিধনের কার্যক্রম চলছে। তাছারা বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য ধারাবাহিকভাবে ড্রেন পরিষ্কারের কাজ চলমান রয়েছে। বিষয়টি পৌরসভার বিভিন্ন পেশার জনগনের মধ্যে ব্যাপক সাড়া পড়েছে। পৌরসভার নাগরিকদের উন্নত্র নাগরিক সেবার জন্য অন্য কোন পরিকল্পনা আছে কিনা, এ ব্যাপারে সভায় উপস্থিত মেয়র মহোদয়কে সদয় দৃষ্টি আকর্ষন করা হয়।

সভায় উপস্থিত সন্মানিত সকল সদস্যের গুরুত্বপূর্ন দীর্ঘ বক্তব্য শ্রবন করে মেয়র মহোদয় সকলকে ধন্যবাদ জানান। অতঃপর তিনি জানান যে, পৌরবাসির উন্নত নাগরিক সেবা প্রদানই আমাদের প্রধান লক্ষ্য।। নিয়মিত মশক নিধনের ঔষধ প্রয়োগ ও ড্রেন পরিষ্কার রাখার বিষয়টি চালু রাখা হবে। এতে ডেঙ্গু মশার উৎপত্তি কিছুটা হলেও নিয়ন্ত্রন থাকবে। তবে এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য স্ব স্ব ওয়ার্ডের সম্মানীত কাউন্সিলরগনের অগ্রনী ভূমিকা পালন করতে হবে। এ ক্ষেত্রে পৌরসভার পক্ষ হতে যেরকম সহযোগীতা দরকার তা করবে। তাছাড়া পৌর নাগরিকদের সেবা বৃদ্ধির জন্য নিয়মিত মশক নিধন, ড্রেন পরিষ্কার ও ক্ষতিগ্রস্থ রাস্তাঘাট যথাযথভাবে মেরামতের প্রক্রিয়া চলমান রাখার নিমিত্তে ইতিমধ্যেই সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশ দেয়া হয়েছে। এ ব্যাপারে অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত বিষয় ও আলোচনার প্রেক্ষিতে ডেঙ্গু রোগের বিষয়ে স্ব স্ব ওয়ার্ডের কাউন্সিলরগন পৌর নাগরিকদের প্রতি সার্বক্ষনিক নজর রাখবেন। এবং পৌরসভার সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখে পৌরবাসির মধ্যে বিভিন্ন সহযোগীতা করবেন। এ বিষয়ে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর অন্যকোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করা হয়।

(কাজী মাহতাব উদ্দিন তৌহিদ)
সভাপতি
নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, রাজবাড়ী পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলো ঃ-

১। মেয়র, রাজবাড়ী পৌরসভা।
২। জনাব ..............................................................
সদস্য, নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, রাজবাড়ী পৌরসভা।
৩। নির্বাহী প্রকৌশলী, রাজবাড়ী পৌরসভা। অবগতি ও কার্যার্থে।
৪। সংশ্লিষ্ট নথি।